৪। প্রশ্নপত্র ভেন্যু সুপারভাইজারদের হাতে তুলে দেওয়া হল সেটা নিশ্চিত করা জেলা উপদেষ্টা কমিটি / সংসদ মনোনীত সদস্যদের দায়িত্ব থাকবে।

৫। পরীক্ষার দিনগুলিতে ভেন্যু সুপারভাইজারের ঘরে প্রশ্নপত্রের খাম **(Non-Transparent Printed Poly Pouch)** খোলা যাবে না। ছাত্রছাত্রীর সংখ্যার সঙ্গে সাযুজ্য রেখে এবং Venue Supervisor Format-এ নথিভুক্ত করে Venue Supervisor প্রত্যেক রুমের ইনভিজিলেটরদের নিকট প্রশ্নপত্রের খাম **(Non-Transparent Printed Poly Pouch)** ৯.৪০ টায় বা তার অব্যবহিত পরে হস্তান্তর করবেন।

৬। জেলা উপদেষ্টা কমিটি / সংসদ মনোনীত সদস্য নিশ্চিত করবেন যে পরীক্ষার দিনগুলিতে প্রত্যেকটি Venue-তে মহিলা পুলিশসহ অন্তত চারজন (৪) পুলিশকর্মী নিযুক্ত হয়েছেন।

৭। ভেন্যুর ভিতরে মোবাইল ফোন বা অন্যান্য ইলেকট্রনিক যন্ত্র নিয়ে শিক্ষক, শিক্ষাকর্মী বা পরীক্ষার্থীর প্রবেশ করা কঠোরভাবে নিষিদ্ধ। পরীক্ষার দিনগুলিতে সকাল ৯ টা থেকে ১১ টা পর্যন্ত ভেন্যুর মূল প্রবেশ পথে নিযুক্ত পুরুষ ও মহিলা পুলিশকর্মীদের উপস্থিতিতে দায়িত্ব প্রাপ্ত শিক্ষক বা শিক্ষাকর্মীরা পরীক্ষার্থীদের Check করে নিশ্চিত করবেন যে কোনো পরীক্ষার্থী মোবাইল ফোন বা অন্য কোনো ইলেকট্রনিক যন্ত্র সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করেনি (শুধুমাত্র পরীক্ষার্থী দ্বারা সংসদ অনুমোদিত নির্দিষ্ট ক্যালকুলেটর ব্যতীত)। এগুলি নিয়ে কেউ পরীক্ষা কেন্দ্রের ভিতরে ধরা পড়লে কঠোর ব্যবস্থা নেওয়া হবে – প্রবেশ পথের মূল দরজায় এইরূপ মৌখিক সতর্কীকরণ করতে হবে। এক্ষেত্রে সংসদ প্রেরিত এই সংক্রান্ত পোস্টার ব্যবহার করতে হবে। ভেন্যুর মূল প্রবেশ পথে এবং ভেন্যুর মধ্যে উপযুক্ত স্থানে এই পোস্টার লাগাতে হবে।

